



জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের ক্ষতিগ্রস্ত কমিউনিটির সক্ষমতা অর্জনের লক্ষ্যে “Climate Justice Resilient Fund-CJRF” শিরোনামে একটি প্রকল্প কোস্ট বাস্তবায়ন করছে। উপকূলীয় ৭ টি জেলায় জানুয়ারী, ২০১৮ হতে শুরু হয়ে জুন ২০২২ পর্যন্ত এই প্রকল্পটির কার্যক্রম বাস্তবায়িত হবে। প্রকল্পটির মাধ্যমে কোস্ট স্থানীয় সহযোগী সংস্থাদের সাথে নিয়ে উপকূলীয় সুরক্ষার বিভিন্ন ইস্যুতে সরকারের সাথে এ্যাডভোকেসি করছে, নারী ও কিশোরীদের সচেতন করার লক্ষ্যে কমিউনিটি রেডিওর মাধ্যমে জনসচেতনতা ও শিক্ষামূলক অনুষ্ঠান প্রচার করছে, ক্ষতিগ্রস্ত কমিউনিটিতে জলবায়ু সহিষ্ণু আয়বর্ধনমূলক কৌশল সমূহ প্রদান ও প্রচার করছে।

teW c×uZtZ meR Pvl tUKmB dj b Ges gbZvR teMgi mvdj "

tjvB cKk¶tYi gva`tg AvZwbF¶ mKtkvix wjv v teMg



Avtj vKwPI: gbZvR teMgi mvdj " t`iL Gj vKvi AtbK gby teW c×uZtZ meR Pvl i iæKti tQ wPI MhK: tKv÷ dviDÜkb

মনতাজ বেগম কুতুবদিয়া উপজেলার আলিআকবর ডেইল ইউনিয়নের ১ নং ওয়ার্ডের বাসিন্দা। ১ ছেলে ও ৩ মেয়ে নিয়ে ছিল তাদের অভাবের সংসার। মনতাজ বেগমের স্বামী মনজুর আলম কৃষি কাজ করেন। তারা ক্ষেতের উৎপাদিত ফসল বিক্রি করে সংসারে খরচ নির্বাহ এবং পরিবারের পুষ্টির চাহিদা পূরণ করেন। তাদের ভিটা ছাড়া আর কোনও আবাদী জমি নেই। তারা বাৎসরিক হিসেবে চাষাবাদের জন্য জমি বর্গা নেন। মনতাজ বেগম নিজেই সংসারের কাজের ফাকে তার স্বামীর সাথে জমিতে সবজি চাষ করেন কিন্তু নিচু জায়গার কারণে জমিটি জোয়ারের পানিতে মাঝে মাঝে প্লাবিত হতো এবং ফসলের ক্ষতি হতো। যার ফলে অনেক সময় তাদের আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হয়েছে। মনতাজ বেগম কোস্ট ট্রাস্ট সিজেরআরএফ প্রকল্পের জলবায়ু সহিষ্ণু আয় বৃদ্ধি মূলক প্রযুক্তি বিষয়ক ক্যাম্পেইনে অংশ গ্রহণ করেন এবং স্থানীয় কমিউনিটি এক্সটেনশন ওয়ার্কারদের মাধ্যমে বেড পদ্ধতিতে সবজি চাষ সম্পর্কে জানতে পারেন। এই পদ্ধতিতে নিচু জায়গায় বেড উচু করে সবজি চাষ করা সম্ভব যার ফলে জোয়ারের পানিতে সবজি নষ্ট হয়না। মনতাজ বেগম ক্যাম্পেইন থেকে শিখে ও টেকনিক্যাল আফিসার শাহাদাত হোসেনের পরামর্শে তার জমিতে মাটি গোবর ও জৈব সার মিশিয়ে উচু বেড তৈরি করেন এবং আবার সবজি চাষ শুরু করেন। তিনি বেডে মুলার বীজ ও মরিচ বীজ বপন করেন এবং নিয়মিত সেচ প্রদান ও অন্যান্য পরিচর্যা করতে থাকেন। কয়েক সপ্তাহের মধ্যে মূলা বাজারে বিক্রির উপযুক্ত হয়। মনতাজ বেগমের কাছ থেকে জানতে চাইলে তিনি বলেন, ঐএই পদ্ধতিতে সবজি চাষ করে আমি ৬০০০ টাকার মূলা ও ৫০০০ টাকার কাচা মরিচ বিক্রি করেছি। আগামীতে আরও সবজি বিক্রি করব বলে আশা করছি। জলাবদ্ধ ও নিচু জমিতে বেড পদ্ধতিতে সবজি চাষ একটি টেকসই পদ্ধতি যার মাধ্যমে বারো মাস সবজি চাষ করা সম্ভব এবং জোয়ারের পানি, জলাবদ্ধতা বা বন্যার পানিতে ফসলের কোনও ক্ষতি হয়না।” তার সাফল্য দেখে এলাকার অন্যান্য মানুষ বেড পদ্ধতিতে সবজি চাষে অনুপ্রাণিত হচ্ছে।



Avtj vKwPI: mB emotZ KgFZ wjv v teMg Piq cKk¶tYi gva`tg mBtRi gZ Ab tKI mBf¶ ntZ tkLutZ wPI MhK: tKv÷ dviDÜkb

মিলা বেগম চরফ্যাশন উপজেলার চর মানিকা ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের বাসিন্দা। তার বাবা পেশায় একজন জেলে। তারা তিন বোন এবং এক ভাই। পরিবারে সে সবার বড়। পড়ালেখার প্রবল ইচ্ছা থাকা সত্ত্বেও দরিদ্রতার কারণে ৯ম শ্রেণীর পর তার লেখাপড়া বন্ধ হয়ে যায়। পারিবারিক দারিদ্রতার কথা চিন্তা করে সে কর্মসংস্থার পথ খুঁজতে থাকেন। ২০২০ সালে মিলা কোস্ট সিজেরআরএফ প্রকল্পের মাধ্যমে সেলাই প্রশিক্ষণ পায়। চারমাস প্রশিক্ষণের পরে সে তার বাবার কাছে একটি সেলাই মেশিন কিনে দেওয়ার জন্য অনুরোধ করেন। কিন্তু ৫০০০ টাকার একটি মেশিন কিনে দেওয়ার সামর্থ্য তার বাবার ছিলোনা। মিলার প্রবল আগ্রহ দেখে তার মা, জামিলা আক্তার কোস্টের ক্ষুদ্র ঋণ কর্মসূচী থেকে সহজ শর্তে ঋণ নিয়ে তাকে সেলাই মেশিন কিনে দেয়। এরপর মিলা তার বাসায় সেলাইয়ের কাজ শুরু করেন। প্রথমে সে নিজের টুকিটাকি কাজ করতে থাকে পরবর্তীতে তার বান্ধবীদের সহযোগিতায় গ্রামের আশে পাশের কিছু কিছু কাজ পেতে থাকে। যার মাধ্যমে মিলার হাত খরচ হয়ে যেত। এর কিছু দিন পরে মিলা তার আরেক বান্ধবীর মাধ্যমে দক্ষিণ আইচা বাজারের একটি গার্মেন্টস এর কিছু কাজ পায়। কাজের মাণ ভাল হওয়ায় এখন প্রতি মাসেই সেখান থেকে অর্ডার পাচ্ছে। ঘরে বসেই বর্তমানে সে প্রতিমাসে ১৫-২০ হাজার টাকা আয় করছে। তার আয়ের টাকা দিয়ে পরিবারের খরচ মেটানোর পাশাপাশি তার ভাই বোনদের লেখা পড়ার খরচ চালাচ্ছে। এ প্রসঙ্গে মিলা বলে, কোস্ট সিজেরআরএফ প্রকল্পের সেলাই প্রশিক্ষণের পর আমার আগ্রহ দেখে মা আমাকে সেলাই মেশিন কিনে দেয়। আমার ইচ্ছা আরো কয়েকটি সেলাই মেশিন কিনে আমার মত গ্রামের অন্যান্য মেয়েদের কর্মসংস্থানের সুযোগ তৈরি করব এবং আমারও বাড়তি আয় হবে।

GB cKvkBwU `Zwi tZ cQvRbxq Z_ " i`tq UUm tRAvi GdW cKtI i mKj mnKg¶ mnthwMzV Kti tQb/ we`hvi Z Z_ " I thvMthvMi Rb":
tgv: Avej nmvb, tclMg inW-tKv÷ U÷÷, m tRAvi Gd cKtI / tgvBj : 01708120333, hasan@coastbd.net
tgv: mvtj nub mi di vR, mgšqKvi x, cuUvri kC GÜ GWtFv tKw tKv÷ U÷÷ - m tRAvi Gd cKtI /